



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/15/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন যে লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ে থেকে সাফোক কাউন্টির ক্রুকড হিল রোড পর্যন্ত সংযোগ উন্নত করতে 27 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের নির্মাণকাজ শুরু হয়েছে

*27 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প কেনাকাটা, শিল্প এলাকা, পার্ক এবং কলেজ ক্যাম্পাসসমূহে যাতায়াত সহজতর করবে*

*প্রকল্পের ভিজুয়াল পাওয়া যাবে [এখানে](#)*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মোটরচালকদের ক্রুকড হিল রোডে (Crooked Hill Road) এবং এর কাছে কেনাকাটা, বাণিজ্য ও বিনোদন পর্যন্ত যাওয়া আসা সহজতর করতে লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ের (Long Island Expressway, LIE) এক্সট 53 সংশোধন করার 27 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের নির্মাণ কাজ শুরু হয়েছে। প্রকল্পটি এক্সপ্রেসওয়ে থেকে কোম্যাকের একাধিক কেনাকাটার স্থান, ব্রেন্টউডের শিল্প এলাকা, ডিয়ার পার্ক (Brentwood, Deer Park), এবং হোপেগ, ব্রেন্টউডে সাফোক কমিউনিটি কলেজের (Suffolk County Community College) মাইকেল জে. গ্র্যান্ট ক্যাম্পাস (Michael J. Grant campus), ব্রেন্টউড স্টেট পার্ক (Brentwood State Park), এবং অন্যান্য স্থানীয় আবাস ও ব্যবসা পর্যন্ত একটি সরাসরি সংযোগ প্রদান করবে, একই সাথে এটি এলাকার স্থানীয় রাস্তা এবং লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ের সার্ভিস রোডসমূহে (Long Island Expressway Service Roads) ভিড় কমাবে। প্রকল্পের ভিজুয়াল দেখা যাবে [এখানে](#)।

"আমার প্রশাসন আমাদের পরিবহন নেটওয়ার্ককে নিউ ইয়র্ক স্টেটজুড়ে আরো বিরামহীন যাত্রার জন্য আধুনিকায়িত করতে অঙ্গীকারবদ্ধ, এবং সম্প্রদায়সমূহের মধ্যে নির্ভরযোগ্য সংযোগ হলো আমাদের সার্বিক পন্থার মুখ্য উপাদান," **গভর্নর হোকল বলেন।** "লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ে সংলগ্ন অতি প্রয়োজনীয় এই উন্নয়ন মোটরচালকদের জন্য লাভজনক হবে এবং এটি লং আইল্যান্ডের আঞ্চলিক অর্থনীতিকে জোরদার করবে, সেই সময় যখন আমরা ভবিষ্যতের জন্য আরো শক্তিশালী লং আইল্যান্ড গঠনের কাজ চালিয়ে যাচ্ছি।"

এই কাজ শুরু হওয়াটি লং আইল্যান্ডের স্টেটের হাইওয়ে ব্যবস্থার জন্য সর্বশেষ উল্লেখযোগ্য পরিবহন বিনিয়োগকে চিহ্নিত করে। গত মাসের শেষের দিকে, গভর্নর হোকল [ঘোষণা করেন](#) যে নাসাউ-সাফোক সীমান্ত থেকে স্টেট রুট 112 পর্যন্ত পূর্বমুখী লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ের

(ইন্টারস্টেট 495) কাজ এখন সম্পূর্ণ হয়েছে, যা নিউ ইয়র্ক স্টেটের সর্ববৃহৎ রিসারফেসিং প্রকল্পগুলির একটির একটি উল্লেখযোগ্য মাইলফলক। লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ের পশ্চিমমুখী রিপেভিংয়ের কাজ এখন ভালোমতো চলছে এবং বছরের শেষে তা শেষ হওয়ার কথা রয়েছে।

কব্রুকেড হিল রোড প্রকল্পের অংশ হিসেবে, পূর্ব ও পশ্চিমমুখী LIE উভয় থেকে কব্রুকেড হিল রোড (সাফোক কাউন্টি রুট 13) পর্যন্ত সরাসরি যাওয়ার ব্যবস্থার জন্য দুইটি অফ র্যাম্প যোগ করা হবে। পূর্বমুখী LIE থেকে দক্ষিণমুখী সাগটিকোস স্টেট পার্ক পর্যন্ত র্যাম্প একটি দ্বিতীয় লেন যোগ করা হবে, এবং দক্ষিণমুখী সাগটিকোস স্টেট পার্কওয়েতে (Sagtikos State Parkway) জি রোড ব্রিজ পর্যন্ত ট্র্যাফিক মিশে যাওয়ার জন্য একটি তৃতীয় যাত্রার লেন বিস্তৃত করা হবে এবং সেই সাথে এক্সিট S2 তে অতিরিক্ত উন্নয়ন করা হবে।

নির্মাণকাজ শুরু হচ্ছে পুঙ্খানুপুঙ্খভাবে পরিকল্পনা, জনমত গ্রহণ এবং নিউ ইয়র্ক পরিবহন ডিপার্টমেন্টের (New York State Department of Transportation, NYSDOT) সাথে স্থানীয় কর্মকর্তা ও ফেডারেল হাইওয়ে প্রশাসনের (Federal Highway Administration) সমন্বয়ের পর।

নির্মাণকাজ হবে মূলত এক্সিট 53 ইন্টারচেঞ্জের দক্ষিণমুখী কোয়াল্ড্রেন্টে। প্রকল্পটি 2023 সালে শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

**পরিবহন ডিপার্টমেন্টের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন,** "গভর্নর হোকলের অবিচল নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেটের অবকাঠামো এবং হাইওয়েতে অতুলনীয় বিনিয়োগ করা হয়েছে। এই প্রকল্পটি লং আইল্যান্ডবাসীদের যাতায়াত করার পন্থা বদলে দিতে সাহায্য করবে এবং কাছের অনেকগুলি গন্তব্যে যাতায়াত করা সহজতর করে দিয়ে স্থানীয় অর্থনীতিকে নতুন জীবন দান করবে।"

**সাফোক কাউন্টি নির্বাহী স্টিভ বেলোন বলেন,** "এই প্রকল্পটির ফলে আমাদের মোটরচালকদের জন্য সাফোকের রাস্তাগুলিকে ব্যবহার করা সহজতর হবে, কেনাকাটা, কাজে যাওয়া, আমাদের সুন্দর স্টেট পার্কে বেড়াতে যাওয়া, বা আমাদের কমিউনিটি কলেজে যাওয়া সকল ক্ষেত্রে। আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই আমাদের অবকাঠামোতে বিনিয়োগ করার অব্যাহত প্রচেষ্টার জন্য, যা আমাদের স্থানীয় রাস্তায় ট্র্যাফিকের ভিড় কমাতে এবং আমাদের বাসিন্দাদের জন্য আরো ভালো মানের জীবন প্রদানে সাহায্য করছে।"

মোটরচালকদের কাজের এলাকা জুড়ে ধীর গতিতে এবং দায়িত্বশীলভাবে গাড়ি চালানোর জন্য অনুরোধ করা হয়েছে। কাজের অঞ্চলে গতিসীমা অতিক্রম করলে তার জরিমানা দ্বিগুণ হয়। কোনও ব্যক্তি যদি ওয়ার্ক জোনে দুই অথবা তার বেশি বার গতিসীমা অতিক্রম করে তাহলে ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হতে পারে।

হালনাগাদকৃত ভ্রমণের তথ্যের জন্য কল করুন 511 নম্বরে, [www.511NY.org](http://www.511NY.org) এ যান অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

টুইটারে NYSDOT-কে ফলো করুন [@NYSDOT](#) ও [@NYSDOTLI](#) এ।ফেসবুকে আমাদের খুঁজে পান এখানে [Facebook.com/NYSDOT](#)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](#) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](#) | 518.474.8418